গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ২২৫-আইন/আয়কর/২০১১, তাং ০৪-০৭-২০১১ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ২২শে আষাঢ়, ১৪০৪ বাং/৬ই জুলাই, ১৯৯৭ ইং।

এস,আর,ও নং ১৬৮-আইন/৯৭।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে, এবং এতদ্‌বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন রহিতক্রমে, সরকার নিম্নবর্ণিত শ্রেণীর ব্যক্তিবর্গের বেতন বা সম্মানী ভাতা বাবদ প্রাপ্ত আয়কে উক্ত Ordinance এর আওতায় প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল:-

(ক) মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রীর মর্যাদাপ্রাপ্ত ব্যক্তিবর্গ; এবং
(খ) পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান এবং সদস্যবৃন্দ।

২। অনুচ্ছেদ ১ এ বর্ণিত ব্যক্তিবর্গের মোট আয় নিরূপণকালে উক্ত অনুচ্ছেদের অধীন কর অব্যাহতিপ্রাপ্ত আয় তাঁহাদের অন্যান্য আয়ের সহিত যোগ হইবে এবং তাঁহাদের মোট আয়ের উপর প্রযোজ্য কর হইতে অনুচ্ছেদ ১ এর অধীন অব্যাহতিপ্রাপ্ত আয়ের উপর, উহা যদি অব্যাহতিপ্রাপ্ত না হইত, প্রদেয় কর বাদ যাইবে।

৩। এই প্রজ্ঞাপন অনতিবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মুহাম্মদ আবদুস সাত্তার
সদস্য।

সংশোধনী এস,আর,ও-টি ২৯২ *নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner
S.R.O. No. 168/1997 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
1 / 1